দৈনিক ইত্তেফাক

তারিখ 04 OCT 2016
পৃষ্ঠা ২৫ কলাম ৪

# বাকৃবির ভর্তি ফরমের মূল্য কমানোর দাবি

■ বাকৃবি (ময়মনসিংহ) সংবাদদাতা

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (ব্যকৃবি) ২০১৬-১৭ শিক্ষাবর্ষে স্নাতক শ্রেণিতে ভর্তি ফরমের বর্ধিত মূল্য কমানো ও আবেদনকারী সকল শিক্ষার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়ার দাবি জানিয়েছে বিশ্ববিদ্যালয়ের প্রগতিশীল ছাত্র জোট। সোমবার ১২টায় সাংবাদিক সমিতি কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এসব দাবি জানান তারা।

এসময় তারা বলেন, স্নাতক শ্রেণির ভর্তি পরীক্ষায় ভর্তি ফরমের মূল্য ৬০০ টাকা থেকে বৃদ্ধি করে ৭০০ টাকা করা হয়েছে। গত বছর প্রথমবারের মতো সকল শিক্ষার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দিলেও এবার পূর্বের নিয়ম অনুযায়ী দশ গুণ শিক্ষার্থীকে অংশগ্রহণের সুযোগ দেয়া হবে। যারা পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে না তাদের টাকাও ফেরত দেয়া হবে না। প্রশাসন এ সিদ্ধান্ত বাতিল না করলে আগামী ৫ অক্টোবর শিক্ষার্থীদের নিয়ে প্রশাসন ভবনের সামনে অবস্থান ধর্মঘটসহ আরো কঠোর কর্মসূচির গ্রহণ করার হুমকী দেন তারা।